# Abdolax™
Sodium Picosulfate

**Presentation**
Abdolax™ Tablet: Each tablet contains Sodium Picosulfate BP 10 mg.
Abdolax™ Oral solution: Each 5ml contains Sodium Picosulfate BP 5 mg.

**Description**
Sodium Picosulfate is a locally acting laxative from the triarylmethane group. It has a dual action - stimulating the mucosa of both the large intestine causing colonic peristalsis and of the rectum causing increased motility and a feeling of rectal fullness.

**Indication**
Indicated in relief from functional, prolonged and recurrent constipation, bowel clearance before surgery, childbirth and radiological investigations.

**Dosage and administration**

| Age | Tablet dose/day | Oral Solution dose/day |
|---|---|---|
| Adult and children above 10 years | 5 - 10 mg | 5-10 ml |
| Children aged 4-10 years | 2.5 – 5 mg | 2.5-5 ml |
| Children aged 1 month- 4 years | --- | 0.25 ml/kg body weight |

This medication is recommended to be taken at night to produce evacuation the following morning. The tablet should be swallowed with adequate fluid. The maintenance of an adequate fluid intake during treatment is essential, especially for younger patients and the elderly who are more susceptible to the effects of dehydration. Sodium Picosulfate should not be taken every day for more than five days without investigating the cause of constipation.

**Pregnancy and lactation**
The safety of this medicine in pregnancy has not been established. Caution is required during lactation as small amounts of this medicine may pass into breast milk.

**Side effect**
Most common adverse reactions are abdominal discomfort, abdominal pain, abdominal cramps, diarrhea, nausea and vomiting,

**Precaution**
Prolonged excessive use of Sodium Picosulfate may lead to fluid and electrolyte imbalance and hypokalaemia. Care should be taken in patients with recent gastro-intestinal surgery and in patients with renal impairment, heart disease or inflammatory bowel disease. It should be used with caution in patients on drugs that might affect water and/or electrolyte balance e.g. diuretics, corticosteroids, lithium. Sodium Picosulfate may modify the absorption of regularly prescribed oral medication and should be used with caution.

**Contraindication**
Sodium Picosulfate is contraindicated in patients with gastrointestinal obstruction, ulceration or perforation, acute abdominal surgical conditions including appendicitis, acute inflammatory bowel diseases and severe abdominal pain associated with nausea and vomiting. it is also contraindicated in severe dehydration and in patients with hypersensitivity to the active substance or to any of the excipients. It should not be used in case of sudden, severe abdominal pain, undiagnosed rectal bleeding and acute hepatic failure.

**Storage**
Do not store above 30 $^{0}$C. Keep away from light and out of the reach of children.

**Commercial Pack**
Abdolax™ Tablet: Each box contains 3 blister strips of 10 tablets.
Abdolax™ Oral solution: Each bottle contains 100 ml solution.

Manufactured by
Incepta Pharmaceuticals Ltd
Savar, Dhaka, Bangladesh
TM Trademark

ABL

V.N.01

# এবডোল্যাক্স™

সোডিয়াম পিকোসালফেট

**উপস্থাপন**

এবডোল্যাক্স™ ট্যাবলেট: প্রতিটি ট্যাবলেটে রয়েছে সোডিয়াম পিকোসালফেট বিপি ১০ মি.গ্রা.।
এবডোল্যাক্স™ ওরাল সল্যুশন: প্রতি ৫ মি.লি. ওরাল সল্যুশনে রয়েছে সোডিয়াম পিকোসালফেট বিপি ৫ মি.গ্রা.।

**বিবরণ**

সোডিয়াম পিকোসালফেট ট্রাইঅ্যারাইলমিথেন গ্রুপের একটি লোকালি অ্যাক্টিং ল্যাকজেটিভ। এটি দ্বৈত ক্রিয়ায় কাজ করে বৃহদান্ত্রের মিউকোসাকে উদ্দীপিত করে কোলোনিক পেরিস্টালসিস ঘটায় এবং রেক্টামের মিউকোসাকে উদ্দীপিত করে মোটিলিটি বাড়ায় এবং রেক্টাল পূর্ণতার অনুভূতি দেয়।

**নির্দেশনা**

ফাংকশনাল, দীর্ঘস্থায়ী এবং রিকারেন্ট কোষ্ঠকাঠিন্য প্রতিকারে, সার্জারির আগে অন্ত্র পরিষ্কারে, প্রসবকালে এবং রেডিওলজিক্যাল অনুসন্ধানে নির্দেশিত।

**মাত্রা ও সেবন**

| বয়স | ট্যাবলেটের দৈনিক মাত্রা | সল্যুশনের দৈনিক মাত্রা |
|---|---|---|
| প্রাপ্তবয়স্ক এবং ১০ বছরের উর্দ্ধে শিশু | ৫-১০ মি.গ্রা. | ৫-১০ মি.লি. |
| ৪-১০ বছরের শিশু | ২.৫-৫ মি.গ্রা. | ২.৫-৫ মি.লি. |
| ১ মাস- ৪ বছরের শিশু | -- | ০.২৫ মি.লি./ কেজি ওজন |

এই ওষুধটি রাতে সেবনের জন্য নির্দেশিত যাতে পরেরদিন সকালে মলত্যাগ হয়। ট্যাবলেটটি যথেষ্ট পরিমান তরল দিয়ে গিলতে হবে। চিকিৎসা চলাকালীন যথেষ্ট পরিমান তরল সেবন বজায় রাখাটা জরুরী, বিশেষ করে শিশু এবং প্রবীণ রোগীদের জন্য যাদের ক্ষেত্রে ডিহাইড্রেশন বেশি প্রভাব ফেলতে পারে। কোষ্ঠকাঠিন্যের কারণ অনুসন্ধান না করে সোডিয়াম পিকোসালফেট টানা পাঁচদিনের বেশী খাওয়া উচিত নয়।

**গর্ভাবস্থা ও স্তন্যদানকালে**

গর্ভাবস্থায় এই ওষুধের নিরাপত্তা প্রতিষ্ঠিত নয়। মাতৃদুগ্ধে কম পরিমাণে এই ওষুধ যেতে পারে তাই স্তন্যদানকালে সতর্কতা অবলম্বন করতে হবে।

**পার্শ্বপ্রতিক্রিয়া**

সাধারণ পার্শ্বপ্রতিক্রিয়া গুলো হলো পেটের অস্বস্তি, পেটের পীড়া, পেট কামড়ানো, ডায়রিয়া, বমি ভাব এবং বমি।

**সতর্কতা**

সোডিয়াম পিকোসালফেটের দীর্ঘস্থায়ী ও অতিরিক্ত ব্যবহার তরল ও ইলেক্ট্রোলাইটের অসামঞ্জস্যতা এবং হাইপোক্যালামিয়ার কারন হতে পারে। সে সকল রোগীদের সাম্প্রতিক গ্যাস্ট্রোইন্টেস্টিনাল সার্জারি হয়েছে এবং বৃক্কের অসম কার্যকারিতা, হৃদরোগ ও ইনফ্লামেটোরি বাওয়াল ডিজিসের রোগীদের ক্ষেত্রে সর্তকতার সাথে ব্যবহার করতে হবে। শরীরের তরল এবং ইলেক্ট্রোলাইটের অসামঞ্জস্যতা তৈরি করে এমন ওষুধ যে সকল রোগী সেবন করে যেমন- ডাইউরেটিক, কোর্টিকোস্টেরয়েড, লিথিয়াম তাদের ক্ষেত্রে এটি সতর্কতার সাথে ব্যবহার করতে হবে। সোডিয়াম পিকোসালফেট নিয়মিত সেবন করা অন্য ওষুধের শোষণের পরিবর্তন ঘটাতে পারে তাই সতর্কতার সাথে ব্যবহার করা উচিত।

**প্রতিনির্দেশনা**

যে সকল রোগীদের গ্যাস্ট্রোইন্টেস্টিনাল অবস্ট্রাকশন, আলসারেশন বা পারফোরেশন, অ্যাকিউট অ্যাবডোমিনাল সার্জিক্যাল কন্ডিশন যেমন অ্যাপেন্ডিসাইটিস, অ্যাকিউট ইনফ্লামেটোরি বাওয়াল ডিজিস এবং প্রচন্ড পেটের ব্যথার সাথে বমিভাব ও বমি হয় তাদের ক্ষেত্রে সোডিয়াম পিকোসালফেট প্রতিনির্দেশিত। এটি গুরুতর ডিহাইড্রেশন এবং ওষুধের অ্যাক্টিভ সাবস্টেন্স বা এক্সিপিয়েন্টের প্রতি অতিসংবেদনশীল রোগীদের ক্ষেত্রেও প্রতিনির্দেশিত। হঠাৎ উদ্ভূত গুরুতর পেটের পীড়া, অনির্ণেয় রেক্টাল রক্তক্ষরণ এবং অ্যাকিউট হেপাটিক ফেইলিওর এর রোগীর ক্ষেত্রে এটি ব্যবহার করা উচিত নয়।

**সংরক্ষণ**

৩০°সে. এর উপরে সংরক্ষণ করা হতে বিরত থাকুন। আলো থেকে দূরে এবং শিশুদের নাগালের বাইরে রাখুন।

**বাণিজ্যিক মোড়ক**

এবডোল্যাক্স™ ট্যাবলেট: প্রতিটি বাক্সে রয়েছে ১০টি ট্যাবলেটের ৩টি ব্লিস্টার স্ট্রিপ।
এবডোল্যাক্স™ ওরাল সল্যুশন : প্রতিটি বোতলে রয়েছে ১০০ মি.লি. সল্যুশন।

প্রস্তুতকারক
incepta ইনসেপ্টা ফার্মাসিউটিক্যালস্ লিঃ
সাভার, ঢাকা, বাংলাদেশ
TM ট্রেডমার্ক